গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

**বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা (৬ষ্ঠ) সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোশারফ হোসেন মোল্লা<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ১৬/০৩/২০২৩ |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | বিপিআই সম্মেলন কক্ষ (তুরাগ) |
| উপস্থিতি | সংযুক্তি-ক (উপস্থিতি তালিকা) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১) | **পূর্ববর্তী মাসের কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>বিগত সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী প্রয়োজন আছে কিনা জানতে চাওয়া হলে, বিগত সভার কার্যবিবরণীতে “অর্থ মন্ত্রণালয় হতে কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য ব্যয় স্থগিতের আদেশ পাওয়া গিয়েছে”-এ বিষয়টি সংশোধন প্রয়োজন মর্মে সভাকে জানানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে “অর্থ মন্ত্রণালয় হতে কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য ব্যয় স্থগিতের আদেশ পাওয়া গিয়েছে” এর স্থলে “অর্থ মন্ত্রণালয় হতে ‘৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক’ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় সম্পূর্ণভাবে স্থগিত থাকবে” প্রতিস্থাপন করে বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা) |

| | | | |
|---|---|---|---|
| ২) | **প্রশিক্ষণ সংক্রান্তঃ**<br>২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন কর্মসম্পাদন ক্ষেত্রের সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ ও কর্মশালা বিষয়ে সভায় আলোচনা হয়। ১৫ মার্চ, ২০২৩ পর্যন্ত ১৮ টি প্রশিক্ষণের মাধ্যমে মোট ৩২১ জন এবং ৪ টি কর্মশালায় ৪৪ জন প্রশিক্ষণার্থী কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | বার্ষিক প্রশিক্ষণ সূচি অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা) |
| ৩) | **কম্পিউটার ল্যাব স্থাপন সংক্রান্তঃ**<br>কম্পিউটার ল্যাব স্থাপন বিষয়ে সভায় আলোচনা করা হয়। অর্থ মন্ত্রণালয় হতে '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় সম্পূর্ণভাবে স্থগিত থাকবে আদেশ পাওয়া গিয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | বিপিআই-তে বিদ্যমান কম্পিউটার সমন্বয়ের মাধ্যমে কম্পিউটার ল্যাব স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)<br>৩। সহকারী পরিচালক (সকল) |
| ৪) | **গবেষণা সংক্রান্ত কার্যক্রমঃ**<br>জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত পুস্তিকা প্রকাশ ও সমসাময়িক বিষয় শিখন সেশন আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। ফেব্রুয়ারি, ২০২২ মাস পর্যন্ত ৩ টি শিখন সেশন আয়োজন করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। এছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত পুস্তিকা প্রকাশের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান হতে লেখনী/প্রবন্ধ/বৈজ্ঞানিক প্রবন্ধ প্রাপ্তির সময়সীমা মার্চ, ২০২৩ পর্যন্ত বর্ধিত করা হয়েছে এবং অদ্যাবধি ১৯ টি লেখনী পাওয়া গিয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত পুস্তিকা প্রকাশের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো হতে লেখনী/প্রবন্ধ/বৈজ্ঞানিক প্রবন্ধ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই এর মাধ্যমে পুস্তিকা প্রকাশ করতে হবে এবং সূচি অনুযায়ী সমসাময়িক বিষয় শিখন সেশন আয়োজনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। সহকারী পরিচালক (সকল)<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৫) | **প্রশিক্ষণ ও কর্মশালার বিষয়ে অংশীজনের প্রয়োজনীয়তা মূল্যায়নঃ**<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন ও ক্যাম্পেইন বাস্তবায়ন এবং এ বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ হতে প্রশিক্ষণ ও কর্মশালার প্রয়োজনীয়তা সংগ্রহের জন্য কর্মশালা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। অক্টোবর, ২০২২ মাস পর্যন্ত ৪ টি প্রতিষ্ঠানে পরিদর্শন ও ক্যাম্পেইন বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে জানানো করা হয়। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠান পরিদর্শন ও ক্যাম্পেইন বাস্তবায়নের লক্ষ্যমাত্রা যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং প্রশিক্ষণ ও কর্মশালার প্রয়োজনীয়তা সংগ্রহের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে এবং যথাসময়ে কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। সহকারী পরিচালক (সকল)<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল) |
| ৬) | **সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমঃ**<br>সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়। সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করা হয়। | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন যথাসময়ে সম্পন্ন করতে হবে। দাপ্তরিক ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও কৃচ্ছতা সাধন অব্যাহত থাকবে। এপিএ ফোকাল পয়েন্ট, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবী ও অন্যান্য তথ্যাদি আপডেট করতে হবে। ওয়েবসাইট নিয়মিতভাবে ভিজিট ও আপডেট করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সকল কর্মকর্তা |

২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোশারফ হোসেন মোল্লা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.১৬.০২৪.১৮.৩৩

তারিখ: ২ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৬) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৭) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১১) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

মোঃ মোশারফ হোসেন মোল্লা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)